

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১০.২০.৩৬৯

তারিখ: ৩ আষাঢ় ১৪২৭
১৭ জুন ২০২০

বিষয়: দিনাজপুর জেলায় লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারিত সংবাদে জানা যায় দিনাজপুর জেলার দিনাজপুর সদর, খানসামা এবং বোচাগঞ্জ উপজেলায় লাম্পিস্কিন রোগের প্রাদুর্ভাব হয়েছে। রোগটির আশু প্রতিরোধ ও প্রতিকারে বিশেষ ব্যবস্থা গ্রহণ আবশ্যিক। অন্যথায় রোগটির ব্যাপকভাবে বিস্তারের আশংকা রয়েছে। রোগটির বিস্তার রোধ এবং আক্রান্ত গবাদিপশুর চিকিৎসার জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- আক্রান্ত এলাকার প্রতিটি ইউনিয়নে একজন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ভেটেরিনারি সার্জন/প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (এলইও) এর নেতৃত্বে উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা/ভিএফএ/এফএ(এআই) সমন্বয়ে ভেটেরিনারি মেডিক্যাল টিম গঠন করতে হবে;
- গঠিত মেডিকেল টিম সরেজমিনে প্রতিটি আক্রান্ত গবাদিপশু পরিদর্শন করে চিকিৎসা নিশ্চিত করবেন;
- প্রয়োজনে পার্শ্ববর্তী উপজেলা/জেলা থেকে কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব প্রদান করতে হবে;
- চিকিৎসা বিষয়ে বিভাগীয় এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সার্বক্ষণিক মনিটরিং করবেন;
- প্রতিদিন চিকিৎসা প্রদত্ত গবাদিপশুর মালিকের নাম এবং মোবাইল নম্বরসহ ঠিকানা সম্বলিত তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো।

১৭-৬-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
মহাপরিচালকের দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর

ইমেইল: livestock-2@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১০.২০.৩৬৯/১


তারিখ: ৩ আষাঢ় ১৪২৭
১৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
- মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বিভাগীয় প্রাণিসম্পদ কার্যালয়, রংপুর
- জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর
- সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৭) অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৭-৬-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব